দৈনিক সংবাদ

তারিখ ...08 JUL 1991
পৃষ্ঠা... ২ ...কলাম... ৭...

# কুমিল্লা বোর্ডের ইংরেজী ও অংক পরীক্ষা বাতিল

কর্তৃপক্ষ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার কারণে কুমিল্লা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯১ সালের এসএসসি পরীক্ষার ইংরেজী উভয় পত্র এবং গণিতের পরীক্ষা বাতিল ঘোষণা করেছেন। এসব বিষয়ে পরীক্ষার নতুন কর্মসূচী যথাসময়ে জানানো হবে। খবর বাসস'র।

উল্লেখ করা যেতে পারে যে, সরকার বিচারপতি আবদুল মতিন খান চৌধুরীর নেতৃত্বে এ ব্যাপারে ৯ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেছেন। প্রশ্নপত্র ফাঁসের মাধ্যমে অসদুপায় অবলম্বন করা হলে ভবিষ্যতে সংশ্লিষ্ট পরীক্ষা বাতিল করা হবে।

20